

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০১০.১৬-৪৫৮

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪২৪ বঃ
২২ আগস্ট, ২০১৭ খ্রিঃ

প্রেরকঃ আহমেদ ফয়সল ইমাম
উপসচিব

প্রাপকঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
সাদুল্লাপুর, গাইবান্ধা।

বিষয়ঃ জনাব এম এইচ মোঃ মমীনুল হক মিয়া, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাপুর, গাইবান্ধা এর মাসিক পেনশন ও ৮০% আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০২০.১৬-৯৪৯ তারিখঃ ০৯/০৮/২০১৭ খ্রিঃ।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এম এইচ মোঃ মমীনুল হক মিয়া, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাপুর, গাইবান্ধা, এ মন্ত্রণালয়ের ১৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখের ২৩৪ নং প্রজ্ঞাপন মূলে বিগত ১১/০৩/২০১৬ খ্রিঃ হতে ১০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে বিগত ১০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে তাঁর নিকট কোন পাওনা নেই, তবে তার সর্বশেষ কর্মস্থলের আংশিক নিরীক্ষা অসম্পন্ন থাকায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নের শর্ত মোতাবেক ৮০% আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

- ২। তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৩। খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি ৮০% আনুতোষিক বাবদ ৩২,২০,০৯২/- (বত্রিশ লক্ষ বিশ হাজার বিরানব্বই টাকা) ও মাসিক পেনশন বাবদ ১৭,৫০০/৫০ (সতের হাজার পাঁচশত টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ৪। জনাব এম এইচ মোঃ মমীনুল হক মিয়া এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের জন্য পিপিও বহিঃ জারি করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৫। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
- ৬। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(খ)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অবসর আদেশ	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও পাঁচ অংগুলির ছাপ	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ট)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি খতিয়ান বহি (মূল খন্ড)	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিত/-

(আহমেদ ফয়সল ইমাম)

উপসচিব

প্রশাসন-২ অধিশাখা

ফোন: ৯৫৫৩৪১৫

dsadmin2@mofood.gov.bd


তারিখঃ ০৭ ভাদ্র, ১৪২৪ বঃ

২২ আগস্ট, ২০১৭ খ্রিঃ

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০১০.১৬-৪৫৮/১(৯)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
- ৭। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ৯। জনাব এম এইচ মোঃ মমীনুল হক মিয়া, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাপুর, গাইবান্ধা, বর্তমান ঠিকানাঃ কেরানী পাড়া (নাছিরাবাদ), রোড নং- ১/১, টারমিনাল রোড, বাসা নং-২, ডাক+উপজেলা+জেলা-রংপুর।


(আহমেদ ফয়সল ইমাম)
উপসচিব